বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের তথ্য প্রকাশ নির্দেশিকা

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন (লেভেল ১৩ ও ১৪)
১১২ সার্কিট হাউজ রোড, রমনা
ঢাকা-১০০০।

<u>বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের তথ্য প্রদান নির্দেশিকা-২০১৫</u>

ভূমিকা: সুস্থ বিনোদন উপযোগী, সাংস্কৃতিক ঐতিহ্যসমৃদ্ধ এবং দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনানির্ভর চলচ্চিত্রের বিকাশের লক্ষ্যে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা এবং জনগণের কল্যাণে বোর্ডের কার্যক্রম ও সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য অবমুক্তকরণ জন্য বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৫" প্রণয়ন করা হলো।

১. তথ্য প্রকাশ নির্দেশিকার পটভূমি ও প্রয়োজনীয়তা

১.১ বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের পটভূমি :

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডে তথ্য মন্ত্রণালযাধীন একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। ব্রিটিশ শাসনামলে প্রণীত সিনেমাটোগ্রাফ অ্যাক্ট, ১৯১৮-এর মাধ্যমে চলচ্চিত্র সেন্সরের কর্মকান্ড শুরু হয়। ব্রিটিশ শাসনের অবসানের পর ১৯৫২ সালে 'ইস্ট বেঙ্গল বোর্ড অব ফিল্ম সেন্সর্স' প্রতিষ্ঠার মাধ্যমে ফিল্ম সেন্সর বোর্ডের পূর্ণ আনুষ্ঠানিক কর্মকান্ড শুরু হয়। দেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের নামকরণ করা হয়।

বিনোদনের পাশাপাশি জ্ঞান ও শিক্ষার প্রসার, সংস্কৃতির বিকাশ এবং জাতিগঠন ও সমাজ বিনির্মাণে সারাবিশ্বে চলচ্চিত্র একটি শক্তিশালী গণমাধ্যম হিসেবে সমাদৃত। চলচ্চিত্র মানুষের মনে গভীর প্রভাব ফেলতে সক্ষম। সুস্থ চলচ্চিত্র যেমন জীবনের কথা বলে মানুষকে জীবনমুখী হতে শেখায়, তেমনি অসুস্থ চলচ্চিত্রের প্রভাব মানুষ ও সমাজকে বিপদগামী করতে পারে। তাই চলচ্চিত্র শিল্পের সাথে যারা সংযুক্ত তাদের বিশেষ দায়বদ্ধতা আছে। বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডে সেই দায়বদ্ধতা প্রতিপালনের লক্ষ্যে চলচ্চিত্র সংশ্লিষ্ট সকল মহলের সাথে ঐক্যবদ্ধ হয়ে কাজ করছে। সুস্থ বিনোদন উপযোগী, দেশীয় সামাজিক-সাংস্কৃতিক ঐতিহ্য-মূল্যবোধের ধারক ও গণতন্ত্র-দেশপ্রেম-মুক্তিযুদ্ধের চেতনাসমৃদ্ধ চলচ্চিত্রের সেন্সর সনদপত্র প্রদান এবং সেন্সরবিহীন ও অশ্লীল চলচ্চিত্র প্রদর্শন বন্ধ করার যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে বোর্ড সেই দায়িত্ব পালন করে থাকে।

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের চলচ্চিত্র পরীক্ষণের জন্য ১৫ (পনেরো) সদস্যবিশিষ্ট একটি বিজ্ঞ সেন্সর বোর্ডে রয়েছে। বোর্ডের বিদ্যমান সেন্সর আইন, বিধিমালা ও কোড অনুসরণে সেন্সর কার্য সম্পাদন করে থাকে। সম্মানিত তথ্য সচিব পদাধিকার বলে সেন্সর বোর্ডের চেয়ারম্যান। তিনিই বোর্ড সভায় সভাপতিত্ব করে থাকেন। দি সিনেমাটোগ্রাফ অ্যাক্ট, ১৯১৮ তে মুলত সিনেমাটোগ্রাফ এবং সেন্সরশিপ অ্যাক্ট এক সাথে ছিল। পরবর্তী পর্যায়ে সিনেমাটোগ্রাফ অ্যাক্ট, ১৯১৮ থেকে পৃথক করে ১৯৬৩ সালে দি সেন্সরশিপ অব ফিল্মস অ্যাক্ট, ১৯৬৩ নামে আইন তৈরি করা হয়। মহামান্য রাষ্ট্রপতির ১৯৭২ সালের ৪১নং আদেশ বলে চলচ্চিত্র সেন্সরশিপ আইন, ১৯৬৩ সংশোধিত আকারে গ্রহণ করা হয়। ২০০৬ সালে উক্ত আইনের বেশ কিছু ধারা সংশোধন করা হয়।

সেন্সর বোর্ডের জন্য চলচ্চিত্র পরীক্ষণ, সভার সার্বিক আয়োজন এবং বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডে অর্পিত দায়িত্ব পালন করছে। ভাইস চেয়ারম্যান দপ্তর প্রধানের দায়িত্ব পালন করেন। তিনি পদাধিকার বলে সেন্সর বোর্ডের সদস্য-সচিব এবং চেয়ারম্যানের অনুপস্থিতিতে ভাইস চেয়ারম্যান বোর্ড সভায় সভাপতিত্ব করার জন্যে দায়িত্বপ্রাপ্ত। বোর্ডের কোনো সেন্সর কার্যক্রমের ওপর আপিল হলে তা মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে গঠিত আপিল কমিটি নিস্পত্তি করে।

১.২ তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়নের যৌক্তিকতা/উদ্দেশ্য :

- জনগণের চলচ্চিত্র সংক্রান্ত বিভিন্ন তথ্য জানার অধিকার প্রতিষ্ঠা ও জনপ্রতিক্রিয়া গ্রহণ।
- বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের কাজের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা।

১.৩ **নির্দেশিকার শিরোনাম** : এই নির্দেশিকা " বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৫" নামে অভিহিত হবে।

২. **তথ্য প্রকাশ নির্দেশিকার ভিত্তি :**

২.১ প্রণয়নকারী কর্তৃপক্ষ : ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড।

২.২ অনুমোদনকারী কর্তৃপক্ষ ও ভাইস চেয়ারম্যান,বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড।

২.৩ অনুমোদনের তারিখ : ২৯ অক্টোবর, ২০১৫ খ্রি.।

২.৪ বাস্তবায়নের তারিখ : এই নির্দেশিকা ২৯ অক্টোবর ২০১৫ থেকে বাস্তবায়ন করা হবে।

২.৫ নির্দেশিকার প্রযোজ্যতা : নির্দেশিকাটি বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের জন্য প্রযোজ্য হবে।

সংজ্ঞা :

তথ্য : "তথ্য" অর্থে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে-কোনো স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অঙ্কিত চিত্র, ফিল্ম, ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোনো ইনমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য-নির্বিশেষে অন্য যেকোনো তথ্যবহ বস্তু বা এদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে :

তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোটশিট বা নোটশিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

৩.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:

সচিব, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।

৩.৩ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।

চলচ্চিত্র পরিদর্শক-১, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।

৩.৪ তথ্য প্রদান ইউনিট :

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড।

৩.৫ আপিল কর্তৃপক্ষ।

সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩.৬ "তৃতীয় পক্ষ" অর্থ তথ্য প্রাপ্তির জন্য অনুরোধকারী বা তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ ব্যতীত অনুরোধকৃত তথ্যের সঙ্গে জড়িত অন্য কোনো পক্ষ।

৩.৭ "তথ্য কমিশন" অর্থ তথ্য অধিকার আইন, ২০০৯-এর ধারা ১১-এর অধীন প্রতিষ্ঠিত তথ্য কমিশন।

৩.৮ "তথ্য অধিকার আইন, ২০০৯" বলতে "তথ্য অধিকার আইন, ২০০৯" বুঝাবে ।

৩.৯ "তথ্য অধিকার বিধিমালা, ২০০৯" বলতে "তথ্য অধিকার (তথ্যপ্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯"বুঝাবে। ৩.১০

৩.১০ "কর্মকর্তা" অর্থে কর্মচারীও অন্তর্ভুক্ত হবে।

৩.১১ "তথ্য অধিকার" অর্থ কোনো কর্তৃপক্ষের নিকট হইতে তথ্য প্রাপ্তির অধিকার।

৩.১২ “আবেদন ফরম” অর্থ তথ্য অধিকার বিধিমালা, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আবেদনের ফরমেট ফরম ‘ক’ বুঝাবে।

৩.১৩ “আপিল ফরম” অর্থ তথ্য অধিকার বিধিমালা, ২০০৯-এর তফসিলে নির্ধারিত আপিল আবেদনের ফরমেট, ফরম ‘গ’ বুঝাবে।

৩.১৪ পরিশিষ্ট” অর্থ এই নীতিমালার সঙ্গে সংযুক্ত পরিশিষ্ট।

তথ্যের ধরন এবং ধরন অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি : বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের সমুদয় তথ্য নিম্নোক্ত ৩টি শ্রেণিতে ভাগ করা হবে এবং নির্ধারিত বিধান অনুসারে প্রদান, প্রচার বা প্রকাশ করা হবে :

ক. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য :

১. এই ধরনের তথ্য বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডে স্বপ্রণোদিত হয়ে নোটিশ বোর্ডে, ওয়েবসাইট, ব্রশিওর, মুদ্রিত বই বা প্রতিবেদন, বিলবোর্ডে, সাইন বোর্ডে, স্টিকার, পোস্টার, বুকলেট, লিফলেট, নিউজ লেটার, পত্রিকায় বিজ্ঞপ্তির ম্যাধমে প্রচারণাসহ অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে প্রকাশ ও প্রচার করবে।

২. বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা নিম্নরূপ :

(১) কর্মকর্তা-কর্মচারীদের তথ্যাদি;
(২) সিটিজেন চার্টার;
(৩) আইন, বিধি, নীতিমালা;
(৪) সেন্সর বোর্ড সংক্রান্ত তথ্যাদি
(৫) আপিল কমিটি সংক্রান্ত তথ্যাদি
(৬) ফোকাল পয়েন্ট কর্মকর্তা সংক্রান্ত তথ্যাদি;
(৭) সাংগঠনিক কাঠামো সংক্রান্ত তথ্যাদি;
(৮) চলচ্চিত্র সেন্সরের আবেদন ফরম;
(৯) চলচ্চিত্রের কর্তিত অংশ জমা দেওয়ার ফরম;
(১০) এফিডেভিটের ফরম;
(১১) আপিল ফরম;
(১২) পোস্টার, ফটোসেট, ব্যানার ইত্যাদি অনুমোদনের নির্ধারিত ফরম
(১৩) চলচ্চিত্রের রিভাইজড ভার্সনের ফরম;
(১৪) চলচ্চিত্র সংসদফিল্ম ক্লাব নিবন্ধন নবায়নের ফরম;
(১৫) সরকারি ক্রয়ের যাবতীয় টেন্ডারকোটেশন সংশ্লিষ্ট তথ্যাদি;
(১৬) সনদপ্রাপ্ত বাংলা ও ইংরেজি চলচ্চিত্রের তালিকা;
(১৭) সনদপত্রবিহীন বাংলা চলচ্চিত্রের তালিকা;
(১৮) সনদপত্রবিহীন ইংরেজি চলচ্চিত্রের তালিকা;
(১৯) সনদপত্রের মেয়াদ আছে এমন ইংরেজি চলচ্চিত্রের তালিকা;
(২০) সেন্সর আবেদনপত্র বাতিলকৃত চলচ্চিত্রের তালিকা;
(২১) বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড সংশ্লিষ্ট সংবাদ বিজ্ঞপ্তি;
(২২) জাতীয় চলচ্চিত্র পুরস্কার সংক্রান্ত তথ্যাদি;
(২৩) বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের সম্পাদিত কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন;
(২৪) সেন্সর সিডিউল সংক্রান্ত তথ্যাদি;
(২৫) উদ্ভাবনী কর্ম-পরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি;